

ছুটি কমেছে স্কুল-কলেজে, প্রাথমিক বিদ্যালয় খুলবে কবে?

নিজস্ব
প্রতিবেদক

২১ জুন, ২০২৪
১৮:২৬

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

শিক্ষা মন্ত্রণালয়ের অধীন নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাপ্রতিষ্ঠানে এবারের গ্রীষ্মের ছুটি কমানো হয়েছে।

আগামী বুধবার (২৬ জুন) থেকে খুলে দেওয়া হবে এসব শিক্ষাপ্রতিষ্ঠান। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় এ

সিদ্ধান্ত জানালেও প্রাথমিক বিদ্যালয়ের ব্যাপারে কোনো সিদ্ধান্ত জানায়নি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

তবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র কালের কণ্ঠকে জানিয়েছে, এই মন্ত্রণালয়ের অধীন কোনো শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি কমেছে না।

শিক্ষাপঞ্জি হিসেবে আগামী ২ জুলাই পর্যন্ত ছুটি বহাল থাকবে প্রাথমিক বিদ্যালয়ে। অর্থাৎ আগামী ৩ জুলাই থেকে প্রাথমিক বিদ্যালয়ে যথারীতি ক্লাস শুরু হতে পারে।

আরো পড়ুন



বিপুল টাকার 'টোপ' ফেলে আনা হয় খুনিদের

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ তথ্য কর্মকর্তা মাহবুবুর রহমান তুহিন বলেন, প্রাথমিক বিদ্যালয়ে চলমান গ্রীষ্মকালীন ছুটি কমানো নিয়ে কোনো সিদ্ধান্ত হয়নি। যদি কোনো সিদ্ধান্ত আসে, আমরা বিজ্ঞপ্তির মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থীদের জানিয়ে দেব।

শিক্ষাপঞ্জি অনুসারে, এবার পবিত্র ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটি শুরু হয়েছে ১৩ জুন, যা চলার কথা ২ জুলাই পর্যন্ত। স্কুল-কলেজে গ্রীষ্মকালীন ছুটি কমিয়ে আগামী ২৬ জুন খোলার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। তবে প্রাথমিক

বিদ্যালয় খুলবে আগামী ৩ জুলাই।